

দৈনিক জনকণ্ঠের নির্বাহী সম্পাদকের আন্তর্জাতিক মাতৃভাষা দিবস স্মৃতি স্তম্ভ পরিদর্শন



গত ৩রা নভেম্বর ২০০৭, দৈনিক জনকণ্ঠের নির্বাহী সম্পাদক জনাব বোরহান আহমেদ অ্যাশফিল্ড-এ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস স্মৃতি মিনার পরিদর্শন করেন। জনাব বোরহান আহমেদ-এর সম্মানে একুশে একাডেমী অস্ট্রেলিয়া আয়োজিত আলোচনা সভায় একুশে একাডেমীর সদস্যদের সাথে মতবিনিময় করেন।

তিনি এই সুদূর প্রবাসে বাঙালীদের কর্ম উদ্দীপনা ও গভীর দেশপ্রেমে উৎসাহ জোগান। এই সময় একাডেমীর প্রতিষ্ঠাতা ও বর্তমান সভাপতি জনাব নেহাল নেয়ামুল বারী সংগঠনের ইতিহাস ও কর্মচিত্তার ব্যাখ্যা করেন ও এর নানান দিক তুলে ধরেন। স্বদেশ বার্তার সম্পাদক জনাব লুৎফর রহমান শাওন বহুজাতিক অস্ট্রেলিয়া ও বাঙালী কমিউনিটিতে একুশে একাডেমীর অবদান নিয়ে বিস্তারিত আলোচনা করেন। এইসময় উচ্চশিক্ষার্থে অস্ট্রেলিয়ায় আগত দৈনিক জনকণ্ঠের সিনিয়র স্টাফ সংবাদাতা জনাব ফজলুল বারী উপস্থিত থেকে আলোচনায় অংশ নেন।

একাডেমীর অন্যান্য নেতৃবৃন্দের মধ্যে ডাঃ আবদুল ওয়াহাব, মফিজুল হক, আল নোমান শামীম, শাজাহান বৈতালিক, আবদুল মতিন সহ একুশে একাডেমীর অন্যান্য সদস্যবৃন্দও উপস্থিত ছিলেন।



জনাব বোরহান আহমেদ একুশে একাডেমীর কাজে এবং এর ভবিষ্যত পরিকল্পনায় আপুত হন এবং একুশে একাডেমীর সাথে ব্যক্তিগতভাবে এবং দৈনিক জনকণ্ঠকে নিয়ে আরো ঘনিষ্ঠ ভাবে কাজ করার অঙ্গীকার করেন। আলোচনা অনুষ্ঠানের আগে জনাব বোরহান আহমেদ ভাষা শহীদদের স্মরণে স্মৃতি মিনারে পুষ্পস্তবক অর্পন করেন।

সংবাদঃ মাসিক মুক্তমঞ্চ